গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঈশ্বরদী,পাবনা

বিজ্ঞপ্তি নং-০৩/১৮

তারিখ ঃ ০১ মার্চ ২০১৮ খ্রিঃ

## পুনঃ হাট/বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঈশ্বরদী উপজেলাধীন নিম্নোক্ত "ক"- তপশীল বর্ণিত হাট/বাজার ১৪২৫ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে হাট/বাজার ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ আগামী ১৩/০৩/২০১৮ খ্রিঃ/২৯/১১/১৪২৪ বঙ্গাব্দ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা, পুলিশ সুপারের কার্যালয়,পাবনা এবং সহকারী কমিশনার(ভূমি), ঈশ্বরদী,পাবনার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একইদিন বেলা ০২.৩০ ঘটিকার সময় উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) স্ব স্ব কার্যালয়ে দরপত্র বাক্স খোলা হবে ।

দরপত্র সিডিউল ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা/ সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ঈশ্বরদী, পাবনা/ অফিসার ইনচার্জ, ঈশ্বরদী থানা/ সোনালী ব্যাংক, ঈশ্বরদী শাখা, পাবনা এর কার্যালয় সমূহে ১২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতিত) নগদমূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে। উল্লেখ্য যে, "ক" তফশীলের ০১ নং ক্রমিকে বর্ণিত আওতাপাড়া হাট-বাজারের দরপত্র বিজ্ঞপ্তির ১ম পর্যায়ে গৃহিত সর্বোচ্চ দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ইজারা মূল্যসহ সরকারী অন্যান্য পাওনাদি পরিশোধ না করায় এবং ক্রমিক নং ২ হতে ৫ পর্যন্ত হাট বাজারের ১ম ও ২য় পর্যায়ের টেন্ডারের দরপত্র দাখিল না হওয়ায় "খ"-তফশীল বর্ণিত দিন পঞ্জিকায় উল্লিখিত তারিখসমূহে পর্যায়ক্রমে ইজারা কার্যক্রম পরিচালিত হবে। ইজারা সম্পর্কিত বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

### "ক"-তফশীল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | হাট/বাজারের নাম | কাঙ্খিত সরকারী ইজারা মূল্যে | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | সাহাপুর | আওতাপাড়া হাট-বাজার (এন,সি,ডি,পি প্রকল্পভূক্ত মার্কেট অংশ বাদে) | ৬৬,৯১,৬৬৭/- | ১৪,০০০/- |
| ০২ | -ঐ- | বাবুলচরা হাট-বাজার | ১,০০০/- | ৫০০/- |
| ০৩ | -ঐ- | চরগড়গড়ী বাঁশতলা দৈনিক বাজার | ৬১,০৫০/- | ৫০০/- |
| ০৪ | লক্ষীকুন্ডা | পাকুড়িয়া হাট-বাজার | ১,০০০/- | ৫০০/- |
| ০৫ | -ঐ- | চরকুরুলিয়া হাট-বাজার | ১,৯৩,২৩৩/- | ১,০০০/- |

### "খ"-তফশীল"

| নং | দরপত্র আহবানের পর্যায় | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | তৃতীয় পর্যায় | ১২/০৩/২০১৮ খ্রিঃ<br>২৮/১১/১৪২৪ বঙ্গাব্দ<br>বিকাল ০৫.০০ টা | ১৩/০৩/২০১৮ খ্রিঃ<br>২৯/১১/১৪২৪ বঙ্গাব্দ<br>সকাল ০৯.০০ টা হতে বেলা ০১.০০ টা | ১৩/০৩/২০১৮ খ্রিঃ<br>২৯/১১/১৪২৪ বঙ্গাব্দ<br>বেলা ০২.৩০ টা |
| ২ | চতুর্থ পর্যায় | ২৮/০৩/২০১৮ খ্রিঃ<br>১৪/১২/১৪২৪ বঙ্গাব্দ<br>বিকাল ০৫.০০ টা | ২৯/০৩/২০১৮ খ্রিঃ<br>১৫/১২/১৪২৪ বঙ্গাব্দ<br>সকাল ০৯.০০ টা হতে বেলা ০১.০০ টা | ২৯/০৩/২০১৮ খ্রিঃ<br>১৫/১২/১৪২৪ বঙ্গাব্দ<br>বেলা ০২.৩০ টা |

০১/৩/১৮
(নাহরিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী,পাবনা।


ফোন- কোড- [illegible]

## ১৪২৫ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

০১। ১৪২৫ বঙ্গাব্দের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদ- কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) ভাগ অর্থ জামানত হিসাবে যে কোন তপসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% ভাগ অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাঁকী ৫% ভাগ অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট/বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫%(পঁচাত্তর ভাগ) অর্থ এবং মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর ও ১৫% ভ্যাট(মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।এই দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারী মূল্য অপেক্ষা কম হয়, তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাংখিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগিয়ে প্রচার করতে হবে।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয়, তা হলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

১২। ইজারাদারকে নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

০১/৩/১৮

(নাছরিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী,পাবনা।
ফোন-০৭৩২৬-৬৩৪৮৩

স্মারক নং- ০৫.৪৩.৭৬৩৯.০০০.০৭.০০১.২০১৮- ৩৫২ (২০০)

তারিখ ঃ ১৭ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০১ মার্চ ২০১৮ খ্রিঃ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জেলা প্রশাসক, পাবনা।
০২। পুলিশ সুপার, পাবনা।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,.......................................(সকল), পাবনা।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, .......................................(সকল), পাবনা।
০৭। মেয়র, ঈশ্বরদী পৌরসভা, ঈশ্বরদী,পাবনা।
০৮। উপজেলা.............................................................কর্মকর্তা (সকল), ঈশ্বরদী, পাবনা।
০৯। অফিসার ইনচার্জ, ঈশ্বরদী থানা, পাবনা।
১০। ব্যবস্থাপক, সোনালী/অগ্রনী/জনতা/রাকাব/উত্তরা/রুপালী ব্যাংক,............... ................................ শাখা, পাবনা।
১১। চেয়ারম্যান,.......................................ইউপি (সকল), ঈশ্বরদী, পাবনা।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,................................................ইউনিয়ন ভূমি অফিস, ঈশ্বরদী, পাবনা। তার অধিনস্থ সকল হাট-বাজারে ঢোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচার পূর্বক জারীকারকের রিপোর্ট আগামী ১২/০৩/২০১৮ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল নিশ্চিত করণের জন্য তাকে অনুরোধ করাা হলো।
১৩। স্টেশন মাষ্টার, ঈশ্বরদী রেল স্টেশন, ঈশ্বরদী,পাবনা।
১৪। জনাব.................................................১৪২৪ বাংলা সনের ইজারাদার...........................................হাট/বাজার
১৫। জনাব............................................................পিতা-...........................................................................
সাং.....................................ডাকঘর............................., ঈশ্বরদী, পাবনা।
১৬। নোটিশ বোর্ড/ অফিস কপি।

০১/৩/১৮

উপজেলা নির্বাহী অফিসার
ঈশ্বরদী,পাবনা



ফোন-- কোড-০৭৩২৬ অফিস-৬৩৪৮৩ বাসা-৬৩২৪৮, ফ্যাক্স-৬৩০৫৯, ই-মেইল-unoishurdi@mopa.gov.bd